

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-বিভাগীয় প্রকৌশলী সওজ এর কার্যালয়,  
সড়ক উপ-বিভাগ-২, বরিশাল।  
টেলিফোন : ০৪৩১-৭১৭১৬

স্মারক নং-৩৫.০১.০৬৫১.৭১১.৩১.০২১.২০. ১৪৯৭

তারিখঃ ০১.০৯.২০২২ খ্রিঃ।

বিষয়ঃ- বরিশাল সড়ক বিভাগাধীন ঢাকা(যাত্রাবাড়ী)-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী (এন-৮) জাতীয় মহাসড়কে ১৬৬ তম কি. মি. এ রূপাতলী (সুরভী চত্বর) সংলগ্ন সড়ক ও জনপথ অধিদপ্তরের অধিগ্রহণকৃত জমিতে কী বলে/কিসের ভিত্তিতে হোটেল ভোজন বিলাস, মার্কেট, দোকানপাটসহ অন্যান্য স্থাপনা নির্মাণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল সড়ক বিভাগাধীন ঢাকা(যাত্রা বাড়ী)-মাওয়া-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী (এন-৮) জাতীয় মহাসড়কে ১৬৬ তম কি. মি. এ রূপাতলী (সুরভী চত্বর) সংলগ্ন সড়ক ও জনপথ অধিদপ্তরের অধিগ্রহণকৃত জমিতে হোটেল ভোজন বিলাস, মার্কেট, দোকানপাটসহ অন্যান্য স্থাপনা নির্মাণ করা হয়েছে। কী বলে/কিসের ভিত্তিতে সরকারী জমি দখল করে হোটেল ভোজন বিলাস, মার্কেট, দোকানপাট ইত্যাদি নির্মাণ করে দীর্ঘদিন ধরে বানিজ্যিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে তা অত্র দপ্তর বোধগম্য নয়। সড়ক ও জনপথ অধিদপ্তরের অধিগ্রহণকৃত জমিতে হোটেল ভোজন বিলাস, মার্কেট, দোকানপাটসহ অন্যান্য স্থাপনা নির্মাণ করার জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর হতে কোন প্রকার ইজারা গ্রহণ করা হয়েছে কী না তা অত্র দপ্তর জানা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, জনস্বার্থে সড়ক ও জনপথ অধিদপ্তরের অধিগ্রহণকৃত জমিতে হোটেল ভোজন বিলাস, মার্কেট, দোকানপাটসহ অন্যান্য স্থাপনা নির্মাণের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর হতে কোন প্রকার ইজারা গ্রহণ করা হয়েছে কী না, যদি ইজারা গ্রহণ করা হয়ে থাকে তার প্রমাণক পত্র আগামী ৫ (পাঁচ) দিনের মধ্যে অত্র দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হল। অন্যথায় মহাসড়ক আইন, ২০২১ এর ৯ (১১) ধারা এবং ১৪ (৭) ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(লিটন আহমেদ খান)

পরিচিতি নং- ৬০২৩৯৪

উপ-বিভাগীয় প্রকৌশলী(চঃদাঃ), সওজ  
বরিশাল সড়ক উপ-বিভাগ-২, বরিশাল।

জনাব,

মোঃ জিয়াউল হক জিয়া  
পিতাঃ নাসিরউদ্দিন আহমেদ  
গ্রামঃ শেখের হাট  
জেলাঃ ঝালকাঠী।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, বরিশাল।
- ২। জেলা প্রশাসক, বরিশাল।
- ৩। পুলিশ সুপার, বরিশাল।
- ৪। নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, বরিশাল।
- ৫। উপ-পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, বরিশাল।
- ৬। কমান্ডিং অফিসার, র্যাব-৮, রূপাতলী, বরিশাল।
- ৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরিশাল সদর, বরিশাল।
- ৮। অফিসার ইনচার্জ, কোতয়ালী মডেল থানা, বরিশাল।

অনুলিপি:

১। উপ-সহকারী প্রকৌশলী, সওজ, সড়ক শাখা-১, সড়ক উপ-বিভাগ-২, বরিশাল।

২। অফিস কপি।

S.D.2,Bsl/1049.